গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট স্থাপন প্রকল্প
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০৫.১১.০০২.১৮-০২

তারিখঃ ২৩ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

## আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধিনস্থ বস্ত্র অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট স্থাপন শক উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়ন ইউনিট PIU (Project Implementation Unit)-এর জন্য সৃষ্ট নিম্নবর্ণিত পদসমূহে কেবলমাত্র প্রকল্পের মেয়াদকাল জুন, ২০২০ খ্রি: পর্যন্ত সময়ের জন্য অর্থ বিভাগ হতে জারিকৃত জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য (Consolidated) বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট স্বীকৃত প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | ড্রাইভার, গ্রেড-১৬ | ০১টি | এস.এস.সি পাশসহ মটর ড্রাইভিং এ লাইসেন্স প্রাপ্ত। |
| ২. | অফিস সহায়ক, গ্রেড-২০ | ০১টি | এস.এস.সি পাশসহ ভাল স্বাস্থ্যের অধিকারী। |
| ৩. | নিরাপত্তা প্রহরী, গ্রেড-২০ | ০১টি | অষ্টম শ্রেণী/ সমমান পাশ এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন। |

**শর্তাবলী:**

দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র দাখিল করতে হবে। প্রার্থীদের জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতাপত্রসহ প্রতিটি পদের দরপ্রস্তাব উল্লেখপূর্বক নিম্নোক্ত "ছক" মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় প্রকল্প পরিচালক, 'শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট স্থাপন প্রকল্প', বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রকল্পের কাজ করতে সম্মত হয়েছেন। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কাগজপত্র ১ম শ্রেণীর গেজেটে কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

| পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | কর্মচারীদের মাসিক সাকুল্য বেতন(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসরণে আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী) | প্রতিষ্ঠানের মাসিক সার্ভিস চার্জ | ভ্যাট ও অন্যান্য ব্যয় | ১ জন বাবদ প্রতিষ্ঠানের মোট দর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

(১) আগামী ০২/০৩/২০১৮ খ্রি: তারিখে বেলা ০১.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক 'শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট', বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই তারিখ বেলা ২.০০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্রসমূহ দাখীলকারিগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রের সাথে প্রকল্প পরিচালক,'শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট', বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর ১০,০০০/-(দশ হাজার) টাকার পে অর্ডার/ ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে দাখিল করতে হবে।

(২) প্রস্তাব যাচাইয়ে যাদের প্রস্তাব বিবেচিত হবে কেবল সেই প্রার্থীদের ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৩) চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্পের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পাদন করতে হবে।

(৪) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে। চুক্তিকালীন কোন বিষয় নিয়ে দুপক্ষের মধ্যে মতানৈক্য দেখা দিলে সালিশী নিয়মানুযায়ী তা নিষ্পত্তি ব্যতিত কোন পক্ষই কোন আদালতের শরাণাপন্ন হতে পারবেন না।

(৫) প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে প্রকল্প পরিচালকের নির্দেশ ও চাহিদামত দায়িত্ব পালন করতে হবে।

(৬) সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের ১০(দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

(৭) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ১(এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে প্রকল্প কার্যালয়ে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

(৮) আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর দক্ষতা, অবহেলার কারণে প্রকল্পের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার সমুদয় দায়িত্ব বহন করতে হবে।

(৯) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং- ০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮, তারিখ: ২৭/০১/২০১৬ খ্রি: মোতাবেক জারিকৃত পরিপত্র ছকের ৭ নং কলামের (অন্যান্য স্থানের জন্য) নির্দেশনা অনুযায়ী বেতন/ভাতাদি এবং পরিপত্রের ১ ও ২নং শর্তাবলী প্রতিপালনপূর্বক প্রাপ্য সুবিধাদি প্রস্তাব করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।

(১০) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারের আউটসোর্সিং নীতিমালা, ২০০৮ এবং ২০/০৯/২০১২ তারিখের পরিপত্র অনুসরণ করতে হবে। তাছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/০৮/২০১২ ও ২২/১২/২০১৩ তারিখের মূসক (ভ্যাট) সংক্রান্ত ও উৎসে আয়কর সংক্রান্ত বিষয়ে জারীকৃত বিধিবিধান অনুসরণ করতে হবে।

(এ এম মোতাহের হোসেন)
প্রকল্প- পরিচালক
'শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,
সিলেট স্থাপন শীর্ষক প্রকল্প'

বিতরণ (কার্যার্থে):

১। বিজ্ঞাপন ম্যানেজার,দৈনিক ভোরের কাগজ, কর্ণফুলী পয়েন্ট,নিউ সার্কুলার রোড,মালিবাগ,ঢাকা।

আগামী ০৭.০২.২০১৮তারিখের পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)

২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের অর্থনীতি, ১৯/৩ বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫।
৩। লাইব্রেরিয়ান, বস্ত্র অধিদপ্তর। বিজ্ঞপ্তিটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।